

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحَسَنِ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُوسُفَ السُّلَمِيُّ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ بْنِ أَبِي هِنْدٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(إِنَّ اللَّهَ يُبْغِضُ كُلَّ جَعْظَرِيُّ جَوَّاظٍ سَخَّابٍ بِالْأَسْوَاقِ جِيفَةٍ بِاللَّيْلِ حِمَارٍ بِالنَّهَارِ عَالِمٍ بِأَمْرِ الدُّنْيَا جَاهِلِ بِأَمْرِ الْآخِرَةِ)

= [76: 2] [ص: 196] =

[تعليق الشيخ الألباني] ضعيف \_ ((الضعيفة)) (2304).

বাংলা

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْعِلْم بِأَمْرِ الدُّنْيَا مَعَ الِانْهِمَاكِ فِيهَا وَالْجَهْلِ بِأَمْرِ الْآخِرَةِ وَمُجَانَبَةِ أَسْبَابِهَا

দুনিয়াবী বিষয়ে জ্ঞান অর্জন ও এতে নিমগ্ন হয়ে যাওয়া এবং আখিরাতের বিষয়ে অজ্ঞ থাকা ও এজাতীয় উপকরণ থেকে বিরত থাকার নিষেধাজ্ঞা সংক্রান্ত বর্ণনাঃ

৭২. আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ "নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক এমন ব্যক্তিকে ঘৃণা করেন, যে কঠোর স্বভাব-ভীষণ অহংকারী, ভীষণ কৃপণ, হাটে-বাজারে শোরগোল-চিৎকারকারী, রাতে মৃতদেহ (এর মত নিশ্চল), দিনে গাধা, দুনিয়াবী বিষয়ে মহাজ্ঞানী, আখিরাতের বিষয়ে নিরেট অজ্ঞ।"[1]

## ফুটনোট

[1] আলবানী: যয়ীফ। (যয়ীফাহ ২৩০৪, তবে এ হাদীসের প্রথম অংশ তথাঃ"নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক এমন



ব্যক্তিকে ঘৃণা করেন, যে কঠোরস্বভাব-ভীষণ অহংকারী, ভীষণ কৃপণ, হাটে-বাজারে শোরগোল-চিৎকারকারী"- এটি শব্দের ভিন্নতাসহ বিভিন্ন স্থানে সহীহ সনদে বর্ণিত থাকায় আলবানী বিভিন্ন স্থানে যেমনঃ সহীহাহ নং ৯৩১, ৯৩২, ১৭৪১; সহীহুল জামি নং ২৫২৯; সহীহুত তারগীব নং ৩১৯৭ তে সহীহ লিগয়রিহী বলেছেন। মুলত: এ হাদীসের ব্যাপারে তিনি সহীহুল জামি' নং ১৮৭৮, ১৮৭৯ তে সহীহ বলার পরে তার এ মত থেকে প্রত্যাবর্তন করেছেন যয়ীফাহ নং ২৩০৪ এ। তবে এ সনদটি যয়ীফ। তাই দ্বিতীয় অংশ তথাঃ রাতে মৃতদেহ (এর মত নিশ্চল, ), দিনে গাধা, দুনিয়াবী বিষয়ে মহাজ্ঞানী, আখিরাতের বিষয়ে নিরেট অজ্ঞ"- এ অংশটুকু যয়ীফ।

আরনাউত্ব: এর সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: বাইহাকী, আস সুনান ১০/১৯৪।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন